

দৈনিক

সুনামগঞ্জের খবর

www.sunamganjerkhobor.com

আঁখারসেরা আলোর বলক

বিশ্বস্তরপুরে জলবায়ু সহনশীল টেকসই কৃষি আইজিএ সহায়তা প্রদান

বিশ্বস্তরপুর প্রতিনিধি

প্রকাশিত: ২৪ জুন, ২০২৫ ২১:৫৭



বিশ্বস্তরপুরে ভার্ড'র আয়োজনে জলবায়ু সহনশীল টেকসই কৃষি আইজিএ সহায়তা প্রদান করা হয় ও ভার্ডের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়েছে।

মঙ্গলবার বিকালে ভার্ড এলআরপি— ৪৩, ভার্ড অফিসে একশনএইড বাংলাদেশের সহায়তায় ভার্ড কর্তৃক বাস্তবায়িত এলআরপি— ৪৩ উপজেলার বাদাঘাট (দক্ষিণ) ইউনিয়নে জেন্ডার ও ক্লাইমেট ভালনারেবল ১০ জন নারী সদস্যকে ভার্মি কম্পাষ্ট, বস্তায় সবজি চাষ এবং তুষ পদ্ধতিতে হাঁসের বাস্চা ফুটানো ও আইজিএ বাস্তবায়নে ১ জন নারী সদস্যকে নগদ অর্থ সহায়তা প্রদান করা হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাদাঘাট(দক্ষিণ) ইউপি চেয়ারম্যান অ্যাডভোকেট ছবাব মিয়া। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন একশনএইড বাংলাদেশের প্রগ্রাম হেড মোরশেদ আলম।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন একশনএইড বাংলাদেশের এলআরপি ম্যানেজার মো. আজাদুল ইসলাম, উইমেন রাইটস এন্ড জেন্ডার ইকুইটি ম্যানেজার মরিয়ম নেছা, এলআরপি ফোকাল মোহাম্মদ মারুফ হোসেন, বিশ্বম্ভরপুর উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. আসাদুজ্জামান, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবুল কালাম মো. এহছানুল হক, উপ—সহকারী প্রানী সম্পদ কর্মকর্তা নিলয় কুমার, ইউপি সদস্য স্বরুফা খাতুন, প্রেসক্লাব সভাপতি স্বপন কুমার বর্মণ, সাধারণ সম্পাদক সালেহ আহমদ। অনুষ্ঠান সঞ্চালন করেন ভার্ড এলআরপি —৪৩ ম্যানেজার মো. সাইদুল ইসলাম। সভায় উপস্থিত একশনএইড এর কর্মকর্তারা উপজেলার বাদাঘাট(দঃ) ইউনিয়নের ভার্ড এলআরপি— ৪৩ কর্মসূচি বাস্তবায়নের বিস্তারিত উপস্থাপন করা হয়।